

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৩৯৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২

বিষয়: সিলেট বিভাগে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য ডিআরটিসির মাধ্যমে মোট ৫৪০ মে.টন বোরো'২২ আতপ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ০৫-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৫০.৫০.০০১.২১-২২১০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক এলএসডিতে আগামী ০৩ মাসের চাহিদার অতিরিক্ত মজুতকৃত বোরো'২২ আতপ চাল বিলি বিতরণ করে নিঃশেষ করার স্বার্থে সিলেট ও মৌলভীবাজার জেলার এলএসডিসমূহে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য ৫৪০ মে.টন বোরো'২২ আতপ চাল ডিআরটিসির মাধ্যমে চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট প্রস্তাবমতে সুনামগঞ্জ জেলার ছাতক এলএসডিতে আগামী ০৩ মাসের চাহিদার অতিরিক্ত মজুতকৃত বোরো'২২ আতপ চাল বিলি বিতরণ করে নিঃশেষ করার স্বার্থে সিলেট ও মৌলভীবাজার জেলার এলএসডিসমূহে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য ৫৪০ মে.টন বোরো'২২ আতপ চাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|-------------|----------------|-------------|-------------------|----------------|-----------------|---------|---------|
| ১. | সুনামগঞ্জ | ছাতক এলএসডি | সিলেট | সিলেট এলএসডি | ১৫০ | বোরো'২২ আতপ চাল | সড়ক পথ | |
| ২. | ঐ | ঐ | ঐ | খাদিমনগর এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঐ | শেওলা এলএসডি | ৬০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | মৌলভীবাজার | মৌলভীবাজার এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | শ্রীমঙ্গল এলএসডি | ৯০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৫৪০ | | | |

নির্দেশনাসমূহ:

- (১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;
- (২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও

কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক ও ২২/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৮-১২-২০২২

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৩৯৭/১(৫)

তারিখ: ২৩ অগ্রহাষণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮-১২-২০২২

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক